রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০১.২৬.৭৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)'** নিম্নরূপে পুনর্গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২. | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪. | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭. | মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮. | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ৯. | মন্ত্রী/প্রতিমন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০. | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| ১১. | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১২. | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | : | সদস্য |
| ১৩. | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৪. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : | সদস্য |
| ১৫. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৬. | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৭. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৮. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| ১৯. | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ২০. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ২১. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ২২. | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;

(২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুত, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কীয় অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে;

(৩) পুষ্টিকর স্বাস্থ্যসম্মত খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনমত পরামর্শ প্রদান করবে; এবং

(৪) জনগণের নিরাপদ খাদ্যের চাহিদা বিবেচনায় রেখে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৬০ স্মারকের অনুবৃত্তিক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd